কৃষিই সমৃদ্ধি

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
কৃষি মন্ত্রণালয়, বীজ অনুবিভাগ
বাংলাদেশ সচিবালয়
www.moa.gov.bd

**স্মারক নম্বর : ১২.০০.০০০০.০৯৭.০২.০০৩.১৯.১১২** তারিখ: ০৪ ফাল্গুন ১৪২৬ / ১৭ ফেব্রুয়ারি ২০২০

**বিষয় : জাতীয় বীজ বোর্ড (এনএসবি)-এর ১০২-তম সভায় কার্যবিবরনী প্রেরণ।**

জাতীয় বীজ বোর্ডের সভাপতি ও কৃষি মন্ত্রণালয়ের সচিব জনাব মো: নাসিরুজ্জামান মহোদয়ের সভাপতিত্বে ১১/০২/২০২০ তারিখে অনুষ্ঠিত জাতীয় বীজ বোর্ড (এনএসবি)-এর ১০২-তম সভার কার্যবিবরণী অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতৎসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি : ক) ১০২-তম সভার কার্যবিবরণী (মন্ত্রণালয়ের ওয়েবসাইট ও সংশ্লিষ্ট ইমেইলে প্রেরণ করা হয়েছে)।
খ) উপস্থিতির তালিকা পরিশিষ্ট 'ক'।

১৭/২/২০২০

মো. আজিম উদ্দিন
প্রধান বীজতত্ত্ববিদ
ফোন: ৯৫৪০২৩৮
E-mail : cst@moa.gov.bd

**কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

১. চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, কৃষি ভবন, ৪৯-৫১ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০;
২. নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, ফার্মগেট, ঢাকা-১২১৫;
৩. মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা-১২১৫;
৪. অতিরিক্ত সচিব, (ব্যয় নিয়ন্ত্রণ-২), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়-১০০০;
৫. সদস্য পরিচালক (বীজ ও উদ্যান), বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, কৃষি ভবন, ৪৯-৫১ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০;
৬. মহাপরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর-১৭০১;
৭. মহাপরিচালক, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর-১৭০১;
৮. মহাপরিচালক, বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট, মানিক মিয়া এভিনিউ, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭;
৯. মহাপরিচালক, বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট, বাকৃবি চত্বর, ময়মনসিংহ-২২০০;
১০. মহাপরিচালক, বাংলাদেশ ইক্ষু গবেষণা ইনস্টিটিউট, ঈশ্বরদী, পাবনা-৬৬২০;
১১. মহাপরিচালক, ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি, গণকবাড়ী, আশুলিয়া, সাভার, ঢাকা-১৩৪৯;
১২. নির্বাহী পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা-১২১৫;
১৩. পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সি, জয়দেবপুর, গাজীপুর-১৭০১;
১৪. পরিচালক, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, ফার্মগেট, ঢাকা-১২১৫;
১৫. পরিচালক, উদ্ভিদ সংগনিরোধ উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ডিএই, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা-১২১৫;
১৬. বিভাগীয় প্রধান, সীড সাইন্স এন্ড টেকনোলজি বিভাগ, বাকৃবি, ময়মনসিংহ-২২০২;
১৭. জনাব মো: নুরুজ্জামান, ৩২ লেক সার্কাস, ফ্ল্যাট ক্লাউডিয়াস বি-৪, এনা কিংডম, কলাবাগান, ঢাকা-১২০৫;
১৮. কৃষিবিদ জনাব মো: মাসুম, চেয়ারম্যান, সুপ্রীম সীড কোম্পানি, বাড়ী#১০, সেক্টর#১৩, গরীবে নেওয়াজ এভিনিউ, উত্তরা, ঢাকা-১২৩০;
১৯. জনাব আলহাজ্ব মো: মোতাহার হোসেন মোল্লা, কাপাসিয়া, গাজীপুর, কৃষক প্রতিনিধি;
২০. জনাব তালুকদার মো: ইউনুস, বড় কসবা, টরকী বন্দর, মিউনিসিপ্যালিটি, আগৈলঝারা, বরিশাল, কৃষক প্রতিনিধি;
২১. ড. মো: নজমুল হুদা, সভাপতি, বাংলাদেশ সোসাইটি অব সীড টেকনোলজি, প্রপার্টি ফেয়ার, ০২ লেকসার্কাস, কলাবাগান, ঢাকা;
২২. ড. মো: খায়রুল বাশার, সভাপতি, বাংলাদেশ উদ্ভিদ প্রজনন ও কৌলিতত্ত্ব সমিতি, বশেমুরকৃবি, জয়দেবপুর, গাজীপুর;
২৩ সভাপতি, বাংলাদেশ সীড এসোসিয়েশন, ১৪৫, সিদ্দিক বাজার, ঢাকা-১০০০;

**সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৩। সিনিয়র তথ্য অফিসার, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৪। সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, কৃষি মন্ত্রণালয় **(কার্যবিবরণীটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)**;
৫। মহাপরিচালক, বীজ অনুবিভাগ ও সচিব, জাতীয় বীজ বোর্ড মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, ঢাকা;
৬। অফিস কপি।

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
কৃষি মন্ত্রণালয়, বীজ অনুবিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moa.gov.bd

## জাতীয় বীজ বোর্ড (এনএসবি) এর ১০২-তম সভার কার্যবিবরণী

**সভাপতি** : মো. নাসিরুজ্জামান, সচিব, কৃষি মন্ত্রণালয়
**সভার তারিখ** : ১১ ফেব্রুয়ারি ২০২০
**সময়** : বেলা ২.০০টা
**স্থান** : কৃষি মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ
**উপস্থিতি** : পরিশিষ্ট-'ক'

সভাপতি সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভা শুরু করেন। তিনি সভার কার্যপত্র অনুযায়ী আলোচ্য বিষয়সমূহ উপস্থাপনের জন্য প্রধান বীজতত্ত্ববিদ, জনাব মো. আজিম উদ্দিনকে আহবান জানালে তিনি সভায় আলোচ্য বিষয়সমূহ ধারাবাহিকভাবে উপস্থাপন করেন।

**আলোচ্য বিষয় ১। জাতীয় বীজ বোর্ডের ১০১-তম সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।**

**আলোচনা:** জাতীয় বীজ বোর্ডের (এনএসবি) ১০১-তম সভা ১৯/১১/২০১৯ তারিখে কৃষি মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী ২৬/১১/২০১৯ তারিখে ১২.০০.০০০০.০৯৭.০২.০০৩.১৯. ১১৭৬ নম্বর স্মারকের মাধ্যমে বোর্ডের সকল সদস্যের নিকট পাঠানো হয়। অদ্যাবধি এ ব্যাপারে কোনো মতামত পাওয়া যায়নি বিধায় উক্ত সভার কার্যবিবরণী নিশ্চিত করা যেতে পারে।

**সিদ্ধান্ত:** জাতীয় বীজ বোর্ডের ১০১-তম সভার কার্যবিবরণী নিশ্চিত করা হলো।

**আলোচ্য বিষয় ২। পূর্ববর্তী সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা।**

| বিষয় | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত | বাস্তবায়নের অগ্রগতি ও সিদ্ধান্ত |
|---|---|---|
| **(২.১) সিড ভিশন প্রণয়ন** | কমিটির আবেদনের পরিপ্রেক্ষিতে সিড ভিশন খসড়া প্রণয়নের জন্য ৪(চার) মাস (১৯/০৩/২০২০ তারিখ পর্যন্ত) সময় বৃদ্ধি করা হলো। সিড ভিশনের খসড়ায় সিড ভিশনের সাথে পটভূমি ও মিশন উল্লেখ করতে হবে। | **আলোচনা :** কমিটির সদস্য সচিব জানান যে, ১৭/১০/২০১৯ তারিখে সিড ভিশন প্রণয়ন কমিটির একটি সভা অনুষ্ঠিত হয়েছে। বীজ সংশ্লিষ্ট সকল অংশিজনদের নিকট সিড ভিশন প্রণয়নের জন্য তথ্য চাওয়া হয়েছে। কমিটির পরবর্তী সভা আগামি ২৩/০২/২০২০ তারিখে অনুষ্ঠিত হবে। জাতীয় বীজ বোর্ডের সদস্য বাংলাদেশ সোসাইটি অব সীড টেকনোলজি'র প্রতিনিধি জানান সিড ভিশনের খসড়ায় পটভূমি ও মিশনের সাথে উদ্দেশ্যও উল্লেখ করা প্রয়োজন।<br><br>**সিদ্ধান্ত :** সিড ভিশনের খসড়ায় পটভূমি ও মিশনের সাথে উদ্দেশ্যও উল্লেখ করতে হবে। |
| **(২.২) ফসলের বীজ প্রতিস্থাপনের হার (SRR) নির্ধারণ।** | (১) কমিটিকে বিভিন্ন ফসলের বীজহার এবং বীজ প্রতিস্থাপনের হার (SRR) পুনরায় পরীক্ষা-নিরীক্ষা করে আরো বাস্তবসম্মত ও সঠিকভাবে নির্ধারণ করে পরবর্তী জাতীয় বীজ বোর্ডের সভায় উপস্থাপনের জন্য মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | **সিদ্ধান্ত:** ডিএই'র হর্টিকালচার উইং হতে সবজি চাষের আওতায় প্রাপ্ত জমির পরিমাণের উপর ভিত্তি করে পূর্ণাঙ্গ প্রতিবেদন ও বীজ প্রতিস্থাপনের হার (SRR) নির্ধারণ করে জাতীয় বীজ বোর্ডের পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। |

| | | |
|---|---|---|
| | (২) কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের বিভিন্ন প্রকল্প ও কর্মসূচির আওতায় উৎপাদিত বীজের যতটুকু পরিমাণ কৃষক পর্যায়ে সরবরাহ দেয়া হয়েছে; তার পরিমাণ ডিএই'র বীজ সরবরাহের অংশে উল্লেখ থাকবে এবং বীজ প্রতিস্থাপনের হার (SRR)-এ অন্তর্ভুক্ত হবে।<br><br>(৩) বিভিন্ন গবেষণা প্রতিষ্ঠান ও বিএডিসিকে হাইব্রিড ধানের ন্যায় উচ্চফলনশীল জাতের বীজ উৎপাদনের জন্য চারা রোপণের সময় ১টি চারা রোপণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | **সিদ্ধান্ত:** চাষী পর্যায়ে ডিএই যতটুকু পরিমাণ বীজ সরবরাহ করবে তা বীজ প্রতিস্থাপনের হার (SRR) এ অন্তর্ভুক্ত হবে।<br><br>**সিদ্ধান্ত:** বিএডিসি'র বীজ উৎপাদন খামারে ইনব্রিড ধানের ভিত্তি বীজ উৎপাদনের ক্ষেত্রে চারা রোপণের সময় প্রতিটি হিলে ১টি করে চারা রোপণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। |
| **(২.৩) ব্রি কর্তৃক অবমুক্ত ধানের জাতের বাংলা ও ইংরেজি নামকরণ।** | (১) ব্রি, বারি, বিনা, বিজেআরআইসহ অন্যান্য গবেষণা প্রতিষ্ঠানের অবমুক্ত জাতের নামকরণের বিষয়ে কোনো পরিবর্তন থাকলে কারিগরি কমিটিতে আবেদন করতে হবে। কারিগরি কমিটির সুপারিশের ভিত্তিতে জাতীয় বীজ বোর্ড পরবর্তী সিদ্ধান্ত গ্রহণ করবে।<br><br>(২) এছাড়াও ব্রি, বিনা কর্তৃক অবমুক্ত ধানের জাত ছাড়করণের প্রস্তাবের সময় জাতের নামের পার্শ্বে ব্রাকেটে ফসলের মৌসুম উল্লেখ করার বিষয়টি কারিগরি কমিটি যাচাই করে পরবর্তী সভায় উপস্থাপনের জন্য প্রেরণ করবে। | **সিদ্ধান্ত:** কারিগরী কমিটির সভাপতি সভায় অনুপস্থিত থাকায় এ বিষয়ে জাতীয় বীজ বোর্ডের পূর্ববর্তী সভার সিদ্ধান্তের অগ্রগতি আগামী সভায় কমিটির সুপারিশসহ কমিটির সভাপতিকে উপস্থাপন করতে হবে। |

**আলোচ্য বিষয় ৩। পাটবীজ আমদানির পরিমাণ নির্ধারণ।**

**আলোচনা:** পাট একটি গুরুত্বপূর্ণ অর্থকরী ফসল। সরকারের পাটবান্ধব নীতি ও কর্মসূচী গ্রহণের ফলে পাট চাষিরা বর্তমানে পাটের ন্যায্যমূল্য পাচ্ছে এবং পাট চাষে দিন দিন আগ্রহ বৃদ্ধি পাচ্ছে। পাট ও পাট জাতীয় (মেস্তা ও কেনাফ) বীজ আইন অনুযায়ী নিয়ন্ত্রিত ফসল। কৃষকের চাহিদার প্রতি লক্ষ রেখে প্রতি বছর জাতীয় বীজ বোর্ডের সিদ্ধান্তের আলোকে ভারত হতে পাট বীজ আমদানির পরিমাণ নির্ধারণ করা হয়। কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের তথ্য মতে আসন্ন ২০২০-২১ উৎপাদন মৌসুমে প্রায় ৬.৯২ লক্ষ হেক্টর জমিতে পাট, মেস্তা ও কেনাফ ফসল চাষ করার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। আসন্ন মৌসুমে বিএডিসি'র নিকট সরবরাহযোগ্য মোট ৮১৭মে.টন বীজ রয়েছে।

**সিদ্ধান্ত:** কারিগরি কমিটির সুপারিশ ও সভায় বিস্তারিত আলোচনা শেষে পাট ও মেস্তা/কেনাফ বীজ আমদানির বিষয়ে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

১। প্রচলিত নিয়মানুযায়ী বেসরকারি পর্যায়ে ভারত হতে রাষ্ট্রীয় প্রতিষ্ঠান কর্তৃক প্রত্যয়িত মানের ৫,০০০ (পাঁচ হাজার) মে.টন তোষা পাটবীজ এবং ১,০০০ (এক হাজার) মে.টন মেস্তা/কেনাফ বীজ আমদানির অনুমোদন দেয়া হলো।

২। উদ্ভিদ সংগনিরোধ উইং, ডিএই গত মৌসুমে পাটবীজ আমদানিকারকদের আমদানির পরিমাণ, বিক্রিত এবং অবিক্রিত বীজের পরিমাণের তথ্য সংগ্রহ করে চলতি মৌসুমে আমদানিকারকদের আবেদনের ভিত্তিতে আমদানির অনুমতিপত্র (আইপি) ইস্যু করবে।

**আলোচ্য বিষয় ৪। বোরো মৌসুমে চাষাবাদের জন্য হাইব্রিড ধানের ১৩টি জাত নিবন্ধন।**

**আলোচনা: ১।** জাতীয় বীজ বোর্ডের সিদ্ধান্ত অনুযায়ী কারিগরি কমিটির ৯৭তম সভায় ফলাফল পুণরায় পর্যালোচনা করে বোরো মৌসুমে চাষাবাদের জন্য ১৩টি হাইব্রিড ধানের জাত সাময়িকভাবে নিবন্ধনের সুপারিশ করেছে। জাতগুলো হলো- ব্যাগরো কোম্পানি লি: এর 'ব্যাগরো হাইব্রিড ধান-১(SQ-01)'; ন্যাশনাল এগ্রি কেয়ার ইমপোর্ট এন্ড এক্সপোর্ট লি: এর 'ন্যাশনাল এগ্রিকেয়ার হাইব্রিড ধান-২(CQR-28)', 'ন্যাশনাল এগ্রিকেয়ার হাইব্রিড ধান-৪(Q-15)'; নীলসাগর সীড এন্ড টিস্যু কালচার লি: এর 'নীলসাগর হাইব্রিড ধান-১(Nil-102)'; ইস্পাহানি এগ্রো লিমিটেড এর 'ইস্পাহানি হাইব্রিড ধান-৮ (NPH-2003)' মেটাল এগ্রো লি: এর 'মেটাল এগ্রো হাইব্রিড ধান-৪' (HRM-807)(SHARATHI-15) পারটেক্স এগ্রো লি: এর 'পারটেক্স হাইব্রিড ধান-৩ (Q-32)',' অটোক্রপ কেয়ার লি: এর 'অটোক্রপ হাইব্রিড ধান-১ (SHX015)'; সুরভী এগ্রো ইন্ডাস্ট্রিজ লি: এর 'সুরভী হাইব্রিড ধান-১ (RXEL-34)'; সিনজেনটা বাংলাদেশ লি: এর 'সিনজেনটা হাইব্রিড ধান-৮ (NK17230)'; ম্যাকডোনাল্ড সীডস লি: এর 'ম্যাকডোনাল্ড হাইব্রিড ধান-১ (PD-901)'; মেটাল এগ্রো লিমিটেডের 'মেটাল এগ্রো হাইব্রিড ধান-৩ (HRM-1508)', মিতালী এগ্রো সীড ইন্ডাস্ট্রিজ-এর 'মিতালী হাইব্রিড ধান-৩ (সূবর্ণ-৩ SHD-1018)'।

২। সুপারিশকৃত ন্যাশনাল এগ্রিকেয়ার হাইব্রিড ধান-২, ন্যাশনাল এগ্রিকেয়ার হাইব্রিড ধান-৪, অটোক্রপ হাইব্রিড ধান-১ (SHX015), সিনজেনটা হাইব্রিড ধান-৮ (NK17230) ও ম্যাকডোনাল্ড হাইব্রিড ধান-১ (PD-901) জাতগুলোর ট্রায়ালে চেক জাত (ব্রি হাইব্রিড ধান-৫) এর ফলন হেক্টর প্রতি অন স্টেশনে যথাক্রমে ৬.৭ মে.টন, ৬.৯ মে.টন, ৬.৬ মে.টন, ৬.৫ মে.টন ও ৬.৭ মে.টন পাওয়া যায়; যা ব্রি হাইব্রিড ধান ৫ এর গড় ফলন (৯.০ মে.টন/হে.) এর চেয়ে অনেক কম।

**সিদ্ধান্ত: (১)** কারিগরি কমিটির সুপারিশ ও সভায় বিস্তারিত আলোচনা শেষে
**'ব্যাগরো হাইব্রিড ধান-১(SQ-01)'** জাতটি চট্টগ্রাম, রংপুর ও বরিশাল অঞ্চলের জন্য;
**'ন্যাশনাল এগ্রিকেয়ার হাইব্রিড ধান-২(CQR-28)'** জাতটি চট্টগ্রাম, খুলনা ও রাজশাহী অঞ্চলের জন্য,
**'ন্যাশনাল এগ্রিকেয়ার হাইব্রিড ধান-৪(Q-15)'** জাতটি চট্টগ্রাম, রংপুর ও খুলনা অঞ্চলের জন্য;
**'নীলসাগর হাইব্রিড ধান-১(Nil-102)'** জাতটি চট্টগ্রাম, রংপুর ও রাজশাহী অঞ্চলের জন্য;
**'ইস্পাহানি হাইব্রিড ধান-৮ (NPH-2003)'** জাতটি চট্টগ্রাম, খুলনা, রংপুর ও বরিশাল অঞ্চলের জন্য
**'মেটাল এগ্রো হাইব্রিড ধান-৪'** (HRM-807) (SHARATHI-15) জাতটি চট্টগ্রাম, রংপুর ও বরিশাল অঞ্চলের জন্য,
**'পারটেক্স হাইব্রিড ধান-৩ (Q-32)'** জাতটি চট্টগ্রাম, খুলনা, রাজশাহী, রংপুর ও বরিশাল অঞ্চলের জন্য,
**'অটোক্রপ হাইব্রিড ধান-১ (SHX015)'** জাতটি চট্টগ্রাম, খুলনা, রাজশাহী ও বরিশাল অঞ্চলের জন্য;
**'সুরভী হাইব্রিড ধান-১ (RXEL-34)'** জাতটি চট্টগ্রাম, রংপুর ও খুলনা অঞ্চলের জন্য;
**'সিনজেনটা হাইব্রিড ধান-৮ (NK17230)'** জাতটি চট্টগ্রাম, খুলনা ও রাজশাহী অঞ্চলের জন্য;
**'ম্যাকডোনাল্ড হাইব্রিড ধান-১ (PD-901)'** জাতটি চট্টগ্রাম, রাজশাহী ও বরিশাল অঞ্চলের জন্য;
**'মেটাল এগ্রো হাইব্রিড ধান-৩ (HRM-1508)'** জাতটি রাজশাহী, রংপুর ও বরিশাল অঞ্চলের জন্য এবং
**'মিতালী হাইব্রিড ধান-৩ (সূবর্ণ-৩ SHD-1018)'** জাতটি খুলনা, রংপুর ও চট্টগ্রাম অঞ্চলের জন্য বোরো মৌসুমে চাষাবাদের নিমিত্ত সাময়িকভাবে ও শর্তসাপেক্ষে নিবন্ধনের সুপারিশ করা হলো।

**শর্ত-১:** প্যাকেটের গায়ে বীজ উৎপাদনের বছর, প্যাকিং এর তারিখ এবং কোন অঞ্চলের জন্য নিবন্ধনকৃত তা উল্লেখ করতে হবে। যে অঞ্চলের জন্য নিবন্ধন দেওয়া হবে শুধুমাত্র সে অঞ্চলেই বীজ বিক্রি করতে হবে।

**শর্ত-২:** যে নামে হাইব্রিড জাত নিবন্ধন করা হবে শুধু সে নামেই (প্যাকেটের গায়ে উল্লেখপূর্বক) বাজারজাত করতে হবে। পরবর্তীতে কোন ক্রমেই অন্য বিকল্প নাম সংযোজন/পরিবর্তন করা যাবে না।

**শর্ত-৩:** বীজের গুণাগুণ পরীক্ষার নিমিত্তে Supplyer কোম্পানির সাথে হাইব্রিড আমদানীকারক কোম্পানির সম্পাদিত MoU ও Port Arrival Report বীজ প্রত্যয়ন এজেন্সির নিকট সরবরাহ করতে হবে।

**শর্ত-৪:** জাতীয় বীজ বোর্ডের ৭৫-তম সভার আলোচ্যসূচি ৫(ঘ)-এর সিদ্ধান্ত অনুসরণপূর্বক কোম্পানির নামের সাথে মিল রেখে নিবন্ধনকৃত হাইব্রিড জাতের বাণিজ্যিক নাম সংযুক্ত করে বাজারজাত করতে হবে

**শর্ত-৫:** বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় সদ্য প্রকাশিত হাইব্রিড ধানের জাত মূল্যায়ন ও নিবন্ধন নির্দেশিকা অনুসরণ করতে হবে।

**(২)** চেক জাত (ব্রি হাইব্রিড ধান-৫) এর ফলন অন স্টেশনে/অন ফার্মে যেসব ক্ষেত্রে কম হয়েছে; তার সুস্পষ্ট ব্যাখ্যা বীজ প্রত্যয়ন এজেন্সি জাতীয় বীজ বোর্ডের পরবর্তী সভায় উপস্থাপন করবে।

**(৩)** ব্রি কর্তৃক উদ্ভাবিত সকল হাইব্রিড ধানের জাত বীজ প্রত্যয়ন এজেন্সী ট্রায়াল দিয়ে ফলন পরীক্ষা করে ফলাফল কারিগরী কমিটির সুপারিশসহ জাতীয় বীজ বোর্ডের সভায় উপস্থাপন করবে।

**আলোচ্য বিষয় ৫। আউশ মৌসুমে চাষাবাদের জন্য হাইব্রিড ধানের ৫টি জাত নিবন্ধন।**

**আলোচনা:** ২০১৮-১৯ ও ২০১৯-২০ আউশ মৌসুমে ট্রায়ালকৃত ৫টি হাইব্রিড জাতের ১ম ও ২য় বর্ষের ফলাফলের ভিত্তিতে চেকজাত (ব্রি ধান-৪৮) এর চেয়ে ২০% ফলন বেশি হওয়ায় আউশ মৌসুমে চাষাবাদের নিমিত্ত সাময়িকভাবে নিবন্ধনের জন্য কারিগরি কমিটি সুপারিশ করেছে। জাতগুলো হলো- বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের 'ব্রি হাইব্রিড ধান-৭', মাহিকো কাংলাদেশ প্রাইভেট লি. এর 'মাহিকো হাইব্রিড ধান-১ (RXEL-27)', 'মাহিকো হাইব্রিড ধান-৩ (MRP-5632)', উইন অল হাইটেক সীড কোং বাংলাদেশ লিমিটেড এর 'উইন অল হাইটেক হাইব্রিড ধান-৭ (Win806)', 'উইন অল হাইটেক হাইব্রিড ধান-৮ (Win868)'। 'মাহিকো হাইব্রিড ধান-১ (RXEL-27)' জাতটি ইতোপূর্বে জাতীয় বীজ বোর্ডের ৯৫তম সভায় বোরো মৌসুমের জন্য নিবন্ধিত হয়েছিল।

**সিদ্ধান্ত:** কারিগরি কমিটির সুপারিশ ও সভায় বিস্তারিত আলোচনা শেষে
**'ব্রি হাইব্রিড ধান-৭'** জাতটি চট্টগ্রাম, রংপুর ও খুলনা অঞ্চলের জন্য;
**'মাহিকো হাইব্রিড ধান-১ (RXEL-27)'** জাতটি চট্টগ্রাম, রংপুর ও খুলনা অঞ্চলের জন্য;
**'মাহিকো হাইব্রিড ধান-৩ (MRP-5632)'** জাতটি চট্টগ্রাম, রংপুর ও খুলনা অঞ্চলের জন্য;
**'উইন অল হাইটেক হাইব্রিড ধান-৭ (Win806)'** জাতটি সারা দেশের জন্য এবং
**'উইন অল হাইটেক হাইব্রিড ধান-৮ (Win868)** জাতটি সারা দেশের জন্য আউশ মৌসুমে চাষাবাদের নিমিত্ত সাময়িকভাবে ও শর্তসাপেক্ষে নিবন্ধনের সুপারিশ করা হলো।

এক্ষেত্রে বোরো মৌসুমের জাতের নিবন্ধনের জন্য প্রদত্ত শর্তসমূহ আউশ মৌসুমের জাতের নিবন্ধনের ক্ষেত্রেও প্রযোজ্য হবে।

**আলোচ্য বিষয় ৬। ব্রি কর্তৃক উদ্ভাবিত ১টি ইনব্রিড ধানের জাত অবমুক্তকরণ।**

**আলোচনা:** বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) এর বর্ণনামতে প্রস্তাবিত BR(Bio) 9787-BC2-63-2-2 কৌলিক সারিটি কর্তৃক ব্রি ধান-২৮ এর সাথে বন্য ধান *Oryza rufipogon* (IRGC103404) এর সংকরায়নের পর Backcross ও Pedigree Method এর মাধ্যমে প্রস্তাবিত ব্রি ধান-৯৬ জাতটি উদ্ভাবন করা হয়। এই জাতটি অংগজ অবস্থায় গাছের আকার ও আকৃতি ব্রি ধান-২৮ থেকে ভিন্ন ।

জাতটি বীজ প্রত্যয়ন এজেন্সির কন্ট্রোল ফার্মে পর পর দুই বছর ডিইউএস টেষ্ট সম্পাদন করা হয়েছে। প্রস্তাবিত জাতটিতে চেকজাত ব্রি ধান-২৮ হতে Lemma & palea : anthocyanin coloration; Lemma & palea : anthocyanin coloration below apex; Grain : wt of 1000 fully developed grains (at 12%); Decorticated grain : length (After dehulling, before milling); Decorticated grain : shape (L-B ratio) মোট ৫টি বৈশিষ্ট্যে স্বতন্ত্রতা পাওয়া গিয়েছে। প্রস্তাবিত জাতের গড় ফলন ৬.৯৮ মে.টন/হে., গড় জীবনকাল ১৪৫ দিন, গড় উচ্চতা ৮৭ সে.মি ও ডিগপাতা খাড়া। দানা মাঝারি সরু, চালের Elongation Ratio ১:৬, পুন: পরীক্ষায় প্রোটিনের পরিমান ১০.২৭% পাওয়া গেছে।
কারিগরি কমিটি বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) এর BR(Bio) 9787-BC2-63-2-2 কৌলিক সারিটি বোরো মৌসুমে ব্রি ধান-৯৬ হিসেবে সারাদেশে চাষাবাদের জন্য ছাড়করণের সুপারিশ করেছে।

**সিদ্ধান্ত:** কারিগরি কমিটির সুপারিশ ও সভায় বিস্তারিত আলোচনা শেষে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) এর BR(Bio) 9787-BC2-63-2-2 কৌলিক সারিটি বোরো মৌসুমে **ব্রি ধান-৯৬** হিসেবে সারাদেশে চাষাবাদের জন্য ছাড়করণের অনুমোদন দেয়া হলো।

**আলোচ্য বিষয় ৭। বিনা কর্তৃক উদ্ভাবিত ১টি ধানের জাত অবমুক্তকরণ।**

**আলোচনা:** বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট (বিনা)-এর বর্ণনামতে ভিয়েতনাম হতে প্রাপ্ত Tap Hanh মাতৃজাতটিকে ২৫০ Gy গামা রশ্মি প্রয়োগ করে মিউট্যান্ট লাইন BINA-THDB উদ্ভাবন করা হয়। বীজ প্রত্যয়ন এজেন্সির কন্ট্রোল ফার্মে প্রস্তাবিত জাতটির পর পর দুই বছর ডি ইউ এস টেষ্ট সম্পাদন করা হয়েছে। প্রস্তাবিত জাতটিতে Leaf color, Flag leaf : attitude of blade, panicle: exertion, Decorticated grain : shape (Length-breadth ratio), Polished grain : size of white color or chalkiness, Endosperm: content of amylose মোট ৬টি বৈশিষ্ট্যে চেক জাত থেকে স্বতন্ত্রতা পাওয়া গিয়েছে।

প্রস্তাবিত জাতের গড় ফলন ৭.৬০ মে.টন/হে., গড় জীবনকাল ১৫১ দিন,, দানা লম্বা ও মাঝারি চিকন, ডিগপাতা গাঢ় সবুজ ও কিছুটা মোটা, গাছ শক্ত বলে হেলে পড়ে না। চালে এমাইলেজের পরিমান ২৪.২১%.পাওয়া গেছে।

কারিগরি কমিটি বিনা এর BINA-THDB কৌলিক সারিটি বোরো মৌসুমে বিনা ধান-২৪ হিসেবে সারাদেশে চাষাবাদের জন্য ছাড়করণের সুপারিশ করেছে।

**সিদ্ধান্ত:** কারিগরি কমিটির সুপারিশ ও সভায় বিস্তারিত আলোচনা শেষে বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট (বিনা) এর BINA-THDB কৌলিক সারিটি বোরো মৌসুমে **বিনাধান-২৪** হিসেবে সারাদেশে চাষাবাদের জন্য ছাড়করণের অনুমোদন দেয়া হলো।

**আলোচ্য বিষয় ৮। ইনব্রিড ধান ও গমের প্রতিকূলতা সহিষ্ণু নতুন জাতের মূল্যায়নে ৬টি অঞ্চলে ট্রায়ালের বাধ্যবাধকতার পরিবর্তে ৬টি এলাকায় ট্রায়াল স্থাপন এবং কৃষি গবেষণা কেন্দ্র (বারি), সাতক্ষীরাকে ট্রায়ালের স্থান হিসেবে অন্তর্ভুক্তকরণ।**

**আলোচনা:** বাংলাদেশ গম ও ভুট্টা গবেষণা ইনস্টিটিউটের আবেদনের পরিপ্রেক্ষিতে প্রতিকূল পরিবেশ সহিষ্ণু গমের ইনব্রিড জাত মূল্যায়ন ও ছাড়করণের ক্ষেত্রে নূন্যতম ৬টি অঞ্চলে ২টি অনস্টেশন পরীক্ষা ও ৪টি অনফার্ম পরীক্ষার বাধ্যবাধকতা রয়েছে। কিন্তু ১৩টি কৃষি অঞ্চলের মধ্যে গম উৎপাদনে সক্ষম লবনাক্ত অঞ্চল বরিশাল ও খুলনা অঞ্চল। তাই কারিগরি কমিটি প্রতিকূলতা সহিষ্ণু জাতের মূল্যায়নের জন্য ইনব্রিড ধান ও গমের জাত মূল্যায়ন ও ছাড়করণ পদ্ধতিতে ৬টি অঞ্চলের বাধ্যবাধকতার পরিবর্তে ৬টি প্রতিকূল পরিবেশ স্থানে ট্রায়াল স্থাপন করা এবং খুলনা অঞ্চলে গমের জাত মূল্যায়নের ট্রায়ালের স্থানে কৃষি গবেষণা কেন্দ্র (বারি), সাতক্ষীরাকে ট্রায়াল স্থান হিসেবে অন্তভূর্ক্ত করার জন্য সুপারিশ করেছে।

**সিদ্ধান্ত:** ইনব্রিড ধান ও গমের জাত মূল্যায়ন ও ছাড়করণ পদ্ধতিতে ৬টি অঞ্চলের বাধ্যবাধকতার পরিবর্তে ৬টি অঞ্চল/৬টি স্থানে প্রযোজ্য ক্ষেত্রে ট্রায়াল স্থাপন করার অনুমোদন দেয়া হলো।

পরিশেষে, সভাপতি সভায় মূল্যবান মতামত প্রদানের জন্য সকলকে ধন্যবাদ এবং নতুন জাত সম্প্রসারণের বিষয়ে সকলকে সমন্বিতভাবে কাজ করার অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭/০২/২০২০
**মো. নাসিরুজ্জামান**
সচিব
কৃষি মন্ত্রণালয়

G:\NSB\NSB Minutes-102 (16.02.20).doc

কৃষিই সমৃদ্ধি

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
বীজ অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়
www.moa.gov.bd

## জাতীয় বীজ বোর্ডের ১০২তম সভায় উপস্থিত বোর্ডের সদস্যদের স্বাক্ষরের তালিকা
## (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

**সভার তারিখ** : ১১ ফেব্রুয়ারি ২০২০; সময় : দুপুর ২:০০টায়
**স্থান** : সম্মেলন কক্ষ, কৃষি মন্ত্রণালয়
**সভাপতি** : সচিব, কৃষি মন্ত্রণালয়

| ক্রম | বোর্ডের সদস্যদের নাম | পদবী ও প্রতিষ্ঠান | মোবাইল ও ইমেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | **জনাব আশ্রাফ উদ্দিন আহমেদ (অতিরিক্ত সচিব)** | মহাপরিচালক<br>বীজ অনুবিভাগ<br>কৃষি মন্ত্রণালয় | | ১১/২ |
| ২ | **জনাব মো: সায়েদুল ইসলাম (অতিরিক্ত সচিব)** | চেয়ারম্যান<br>বিএডিসি | 01765424765<br>sayedul231@yahoo.com | 11/2/2020 |
| ৩ | **ড. শেখ মোহাম্মদ বখতিয়ার** | নির্বাহী চেয়ারম্যান<br>বিএআরসি | | |
| ৪ | **ড. মো: আবদুল মুঈদ** | মহাপরিচালক<br>ডিএই | 01716940311 | 11/2/2020 |
| ৫ | কবিরুল ইজদানী খান | অতি: সচিব, ব্যয় নিয়ন্ত্রণ-২<br>অর্থ বিভাগ<br>অর্থ মন্ত্রণালয় | ০১৭২৮৯৯৮২০২<br>kezdani@finance.gov.bd | ১১/২/২০ |
| ৬ | **ড. শেখ হারুনুর রশিদ আহমদ অতিরিক্ত সচিব** | সদস্য পরিচালক<br>বীজ ও উদ্যান<br>বিএডিসি | ০১৫৫২৮৪৬৯১১<br>harunrashid61@gmail.com | ১১/02/2020 |
| ৭ | **ড. আবুল কালাম আযাদ** ✗<br>ড. মো: আবদুল ওহাব | মহাপরিচালক<br>বারি | ০১৭১১২৮৮০৮১<br>m.wohab@yahoo.com | |
| ৮ | **ড. মো: শাহজাহান কবীর** | মহাপরিচালক<br>ব্রি | | ১১/২/2020 |
| ৯ | **ড. আ. শ. ম. আনোয়ারুল হক** | মহাপরিচালক<br>বিজেআরআই | 01715226468<br>anwarul.huq.09@gmail.com | ১১/02/2020 |

| ক্রম | বোর্ডের সদস্যদের নাম | পদবী ও প্রতিষ্ঠান | মোবাইল ও ইমেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১০ | ড. বীরেশ কুমার গোস্বামী | মহাপরিচালক<br>বিনা | 01813158147<br>dg@bina.gov.bd | [signature] |
| ১১ | ড. মো. আমজাদ হোসেন | মহাপরিচালক<br>বিএসআরআই | 01713082112<br>bsridg123@gmail.com | [signature] ১১/০২/২০২০ |
| ১২ | ড. মো. সলিমুল্লাহ | মহাপরিচালক<br>এনআইবি | | |
| ১৩ | ড. মো: ফরিদ উদ্দিন | নির্বাহী পরিচালক<br>সিডিবি | 01711020798<br>mfarid.cdb[illegible] | [signature] |
| ১৪ | জনাব আবদুর রাজ্জাক | পরিচালক<br>এসসিএ | 01718050904<br>razzak.dae@gmail.com | [signature] ১১/২/২০২০ |
| ১৫ | জনাব বিধান কুমার ভান্ডার | পরিচালক<br>এসআরডিআই | 01716821631<br>bidhansrdi@yahoo.com | [signature] ১১/০২/২০২০ |
| ১৬ | ড. মোঃ আজহার আলী | পরিচালক<br>উদ্ভিদ সংগনিরোধ উইং<br>ডিএই | 01718630971<br>a.azhar.kh@gmail.com | [signature] ১১.02.2020 |
| ১৭ | ড. মোহাম্মদ হুমায়ুন কবির | প্রফেসর<br>সীড সাইন্স এন্ড টেকনোলজি<br>বাকৃবি | 01718192711<br>humayun-hort70@gmail.com | [signature] ১১.02.20 |
| ১৮ | জনাব মো: নুরুজ্জামান | প্রাক্তন সদস্য পরিচালক<br>(বীজ ও উদ্যান)<br>বিএডিসি | 01711564050<br>nuruzzaman54-bd@gmail.com | [signature] ১১/02/20 |
| ১৯ | জনাব মো: মাসুম | চেয়ারম্যান<br>সুপ্রীম সীড কোম্পানী<br>উত্তরা, ঢাকা | মো: মাসুম<br>masum@suprovigroup.com | 01711521630<br>[signature] |
| ২০ | জনাব আলহাজ্ব মো: মোতাহার হোসেন মোল্লা | কৃষক প্রতিনিধি<br>কাপাসিয়া, গাজীপুর | | |
| ২১ | জনাব তালুকদার মো: ইউনুস (এম.পি.) | কৃষক প্রতিনিধি<br>আগৈলঝাড়া, বরিশাল | | |
| ২২ | ড. মোঃ মঈনুল হক | সভাপতি<br>বাংলাদেশ সোসাইটি অব সীড টেকনোলজি | 01711-908640<br>moynul60@yahoo.com | [signature] |

| ক্রম | বোর্ডের সদস্যদের নাম | পদবী ও প্রতিষ্ঠান | মোবাইল ও ইমেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ২৩ | ড. মো: খায়রুল বাশার | সভাপতি<br>বাংলাদেশ উদ্ভিদ প্রজনন ও কৌলিতত্ত্ব সমিতি | 01711-283982 | ১১/২/২০২০ |
| ২৪ | | সভাপতি<br>বাংলাদেশ সীড এসোসিয়েশন<br>১৪৫, সিদ্দিক বাজার, ঢাকা | | |
| ২৫ | ড. মো: এনামুল হক<br>মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা<br>বায়োটেকনোলজি বিভাগ, ব্রি | মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা<br>বায়োটেকনোলজি বিভাগ<br>ব্রি | ০১৭১৬৬০১০৭৭<br>hoquek2003@yahoo.c | 11/02/2020 |
| ২৬ | কাজী মো: সাইফুল ইসলাম<br>অতিরিক্ত পরিচালক (উপকরণ) | অতিরিক্ত পরিচালক (উপকরণ)<br>ডিএই, খামারবাড়ি<br>ঢাকা। | ০১৭২০৮৮৮৬৪৪<br>krishisaiful@gmail.com | ১১.02.20 |
| ২৭ | ড. মো. সলিমুল্লাহ | মহাপরিচালক (অদাঃ)<br>এনআইবি | ০১৭৩৮৯৯৯৯৯৩<br>dgniblbd@gmail.com | ১১/02/2020 |
| ২৮ | ড. মো: জামিল হাসান | প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা<br>ব্রি, হাইব্রিড রাইস বিভাগ | ০১৭১৮২৮৯৬৬১<br>jamilbrri@yahoo.com | ১১/02/2020 |
| ২৯ | ড. মো: হারুন-উর-রশীদ | মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (চ.দা.)<br>বিনা ময়মনসিংহ | ০১৭১১-৯৫০৪২৮<br>hrashid67@yahoo.com | ১১/02/2020 |
| ৩০ | ড. আজাদ মল্লিক | নির্বাহী সম্পাদক<br>বিএসএ | 01750060333<br>mollikazadbd.gmail.com | |
| ৩১ | ড. মো: ইসমাইল হোসেন | মহাপরিচালক<br>বি ডব্লিউ এম আর আই | 01713363630<br>mdismail@gmail.com | ১১/২/২০ |
| ৩২ | | | | |
| ৩৩ | | | | |
| ৩৪ | | | | |
| ৩৫ | | | | |